

Academic & Admission Pathshala

FINAL PREPARATION WITH AAP



মেডিকেল

ফাইনাল প্রিপারেশন

MEDICAL FINAL PREPARATION

FINAL FIGHT

20 Special Model Test

10 Q. Bank Exam

Revision Test : Final Fight

Directions

aapathshala.com

Final Fight : 10 Days Special

Date	Special Model Test : Full Syllabus		Revision Test : Final Fight
23-03-2022(Wednesday)	SMT-11	SMT-12*	★★★Medical Revision Test : Final Fight★★★
24-03-2022(Thursday)	SMT-13	SMT-14*	
25-03-2022(Friday)	SMT-15	SMT-16*	
26-03-2022(Saturday)	SMT-17	SMT-18*	
27-03-2022(Sunday)	SMT-19 SMT-21	SMT-20* SMT-22*	
28-03-2022(Monday)	SMT-23	SMT-24*	
29-03-2022(Tuesday)	SMT-25	SMT-26*	
30-03-2022(Wednesday)	SMT-27	SMT-28*	
31-03-2022(Thursday)	SMT-29	SMT-30*	

- ✓ SMT=Special Model Test গুলো অনুষ্ঠিত হবে ফুল সিলেবাসের উপর। পরীক্ষার মার্ক=100 (Phy=20, Chem=25, Bio=30, Eng=15, GK=10) এবং সময়=60মিনিট।
- ✓ পরীক্ষায় অংশগ্রহণের সময়সীমাঃ সকাল ১০-রাত ১১। ফলাফল ও প্রশ্ন সমাধান প্রকাশ করা হবে রাত ১২টায়। একইসাথে পরীক্ষাগুলো প্রাক্টিস আকারে ওপেন করে দেয়া হবে।
- ✓ প্রতিদিন দুটি করে স্পেশাল মডেল টেস্ট অনুষ্ঠিত হবে।
- ✓ SMT* গুলো শিক্ষার্থীরা অনলাইনের পাশাপাশি অফলাইনে OMR এর মাধ্যমে দিয়ে OMR সাবমিট করতে পারবে।
- ✓ Medical Revision : Final Fight পরীক্ষাটি শিক্ষার্থীদের সিলেবাস রিভিশন দিতে সহায়তা করবে। এই টেস্টে অসংখ্যসেট প্রশ্ন রয়েছে। একজন শিক্ষার্থী এই পরীক্ষাটি অসংখ্যবাদ দিতে পারবে, প্রতিবার তার সেট পরিবর্তন হয়ে যাবে।

প্রস্তুতির প্রাথমিক দিকনির্দেশনা

প্রিয় শিক্ষার্থীরা, আশা করি সবাই ভালো আছেন। আর মাত্র ১০দিন পর মেডিকেল ভর্তি যুদ্ধ অনুষ্ঠিত হবে। এই শেষ সময়টাকে তোমাদের কার্যকর উপায়ে ব্যবহার করতে হবে। কিছু দিকনির্দেশনা মাথায় রাখবেঃ

- দুশ্চিন্তা একদম করবে না, দুশ্চিন্তা করলে মানসিকভাবে অন্যদের থেকে পিছিয়ে যেতে হবে। যেহেতু অনেক বড় প্রতিযোগিতা তাই কোনভাবেই দুশ্চিন্তা করবে না এবং সর্বদা নিজের উপর বড়রকম আত্মবিশ্বাস রাখোঃ ‘আমি পারব’
- ‘সিলেবাস অনেক বাকি, সিলেবাস শেষ করার পরও পরীক্ষায় ভালো হচ্ছে না, সব ভুলে যাচ্ছি’— এই বিষয়গুলো নিয়ে অতিরিক্ত চিন্তা করা থেকে একদম বিরত থাকো। এগুলো ভাববেই না। তুমি যতটুকু পারো ততটুকু এর উপর ভরসা করে শেষ প্রস্তুতি নেও, ইনশাআল্লাহ তুমি পারবে।

শেষ দশ দিনের প্রস্তুতির দিকনির্দেশনা

- ✓ এই সময়টা হলো **রিভিশনের সময়**। এই সময়টাতে তোমাকে তোমার সিলেবাস রিভিশন দিয়ে প্রস্তুত হতে হবে। তুমি যতটুকু পড়াশোনা করেছো ততটুকু পড়াশোনাকে তোমার বারবার রিভিশন দিয়ে খুব ভালোভাবে আয়ত্তে আনতে হবে।
- ✓ এই শেষ সময়ে বড় কোন নতুন টপিক ধরিওনা যেটা আগে পড়া হয়নি, তুমি এতদিনে যতটুকু আয়ত্তে আনতে পেরেছো ততটুকুকে রিভাইজ করতে হবে।
- ✓ এখন তোমাকে প্রতিদিন-ই ফুল সিলেবাস রিভিশন দিতে হবে। রিভিশন দেয়ার সময় একটি বিষয়ের চাপ্টারগুলোর গুরুত্বপূর্ণ টপিকগুলো খুব ভালো করে দেখবে এবং বাকিগুলো একনজরে দেখে নিবে। গুরুত্বপূর্ণ টপিক পাঠশালার কোর্সের PDF সেকশনের Suggestion অংশে রাখা আছে। সিলেবাস রিভিশন নিজের মত করে দিবে।
- ✓ ভুলে যাচ্ছি – এই চিন্তা করিওনা। শুধু নিজের মত করে সিলেবাস রিভিশন দিতে থাকবে।
- ✓ **অনুশীলন করবে সবসময়**, সর্বোচ্চভাবে। প্রতিদিন তুমি স্পেশাল মডেল টেস্টগুলো গুরুত্বসহকারে দিবে। পাঠশালার নতুন রুটিনে প্রতিদিন দুটি করে স্পেশাল মডেল টেস্ট রয়েছে। তুমি প্রতিদিন দুটি স্পেশাল মডেল দিবেঃ একটি অনলাইনে আরেকটি OMR শীটে দিবে। প্রতিটি স্পেশাল মডেল টেস্ট প্রশ্ন সমাধান সহ অনুশীলন করবে, এতে করে তোমার পুরো সিলেবাসের উপর একটি ওভারল প্রস্তুতি সম্পন্ন হবে। স্পেশাল মডেল টেস্ট এর প্রশ্নগুলো মূল পরীক্ষার স্ট্যান্ডার্ড করা হবে, তাই এই প্রশ্নগুলো প্রতিদিন দুই সেট করে অনুশীলন করলে তোমার প্রস্তুতি কার্যকর হবে।
- ✓ **Medical Revision Test : Final Fight** এই পরীক্ষাটি প্রতিদিন অন্তত ৫বার দিবে। এতে করে ৫সেট করে প্রশ্ন সলভ হবে। প্রতি সেটে ৫০টি করে প্রশ্ন পাবে। এই টেস্টের প্রতি সেট এমন করে সাজানো যা তোমাকে পুরো সিলেবাস রিভিশন দিতে সহায়তা করবে। তুমি প্রশ্ন, উত্তর ও সলভ দেখে গুরুত্বপূর্ণ বিষয়গুলো রিভাইজ দিতে পারবে, গুরুত্বপূর্ণ টপিক ও লাইনগুলো সহজে মনে করতে পারবে। এই টেস্ট এর মাধ্যমে তুমি Conceptual Questions, Question Bank, Standard Questions, Main Book Exercise একসাথে আয়ত্তে আনতে পারবে।
- ✓ **শেষ সময়ের জন্য এতটুকু পরামর্শ**—সিলেবাস মূল বই থেকে নিজের মত করে রিভিশন→স্পেশাল মডেল টেস্ট সলভ করবে→Revision Test এ বারবার অংশগ্রহণ করবে।

পরীক্ষার আগের সময়ের প্রতি দিকনির্দেশনা

- পরীক্ষার আগের রাতে পর্যাপ্ত পরিমাণে ঘুমাতে, খাওয়া-দাওয়া ঠিকঠাক করবে। Admit Card প্রিন্ট করে সেটার দিকনির্দেশনা ভালো করে পড়বে এবং এক্সাম সেন্টার ভালো করে দেখে নিবে।
- পরীক্ষার হলেঃ Medical Admit Card, HSC Admit/Registration Card, Pen নিয়ে যাবে শুধু। এই তিনটি জিনিসের বাইরে আর কিছুই নেয়া যাবে না।
- পরীক্ষা শুরুর ১ঘন্টা আগে কেন্দ্রে উপস্থিত থাকতে হবে।
- মূল পরীক্ষার দিনঃ পরীক্ষার শুরুতে প্রশ্ন পাওয়ার পর OMR ও প্রশ্ন ভালো করে দেখে নিবে সব ঠিকঠাক আছে কিনা।
- শুরুতেই OMR এ নিজের নাম, সিগনেচার, রোল নাম্বার, সিরিয়াল নাম্বার ফিলআপ করবে সতর্কতার সাথে।
- পরীক্ষার হলে কারো সাথে কথা বলবে না, আশে পাশে তাকাবে না। নিজের উপর ভরসা রাখবে, মাথা ঠান্ডা রেখে, ফুল ফোকাস প্রশ্নের উপর দিয়ে উত্তর করতে থাকবে।
- তুমি যেই সাজেস্ত সবচেয়ে ভালো পারো/ পারা অংশ দিয়েই আগে শুরু করবে। বড় কোন ম্যাথ দেখে যদি মনে হয় সময় বেশি লাগবে সেটা পরে করবে আগে পারা থিউরী অংশ দাগিয়ে নিবে।
- প্রশ্নের ফাঁকা জায়গায় রাফ করতে পারবে। ঠান্ডা মাথায় তোমার সর্বোচ্চটা দিবে, বাকিটা আল্লাহ ভরসা। অনেক দোয়া রইল।